দৈনিক
জনকণ্ঠ

তারিখ · 28 SEP 2016
পৃষ্ঠা ··· কলাম ···

# তথ্যপ্রযুক্তি আইনে স্কুল শিক্ষার্থীকে সাজার বিষয়ে হাইকোর্টের রায় ১৮ অক্টোবর

**স্টাফ রিপোর্টার ।** ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তথ্যপ্রযুক্তি আইনে এক স্কুল শিক্ষার্থীকে দুই বছর সাজা দেয়ার বিষয়ে টাঙ্গাইলের সখিপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও সখিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ব্যাখ্যা প্রদান করেছেন। ব্যাখ্যা শুনে তাদের বিষয়ে রায় দেয়ার জন্য আগামী ১৮ অক্টোবর দিন ধার্য করেছে আদালত। এ সময়ের মধ্যে একটি ইংরেজী দৈনিকে প্রকাশিত এ সংক্রান্ত 'প্রতিবেদনের ব্যাখ্যা দিতে' ওই সংবাদপত্রকে বলা হয়েছে। এছাড়া স্কুল শিক্ষার্থী সাব্বির শিকদার হাইকোর্টে ঘটনার যে বর্ণনা দিয়েছেন তাও এফিডেভিট আকারে দাখিল করতে বলেছে আদালত। ইউএনও-ওসিকে আদালতে ব্যক্তিগত হাজিরা থেকে অব্যাহতি দিয়েছে হাইকোর্ট। মঙ্গলবার বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি আশীষ রঞ্জন দাশের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ উভয়পক্ষের বিস্তারিত শুনানি গ্রহণ করে আদেশের জন্য ওই দিন ধার্য করে।